

🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّورى

আয়াতঃ ৪২ : ৪৮

💵 আরবি মূল আয়াত:

فَإِن اَعرَضُوا فَمَا اَرسَلنَكَ عَلَيهِم حَفِيظًا ١٠ إِن عَلَيكَ إِلَّا البَلغُ ١٠ وَ إِنَّا إِذَا اَذَقنَا الإِنسَانَ مِنَّا رَحمَةً فَرِحَ بِهَا وَ إِن تُصِبِهُم سَيِّئَةٌ بِمَا قَدَّمَت اَيدِيهِم فَإِنَّ الإِنسَانَ كَفُورٌ ﴿٢٨﴾

আর যদি তারা বিমুখ হয়, তবে আমি তো তোমাকে তাদের রক্ষক হিসেবে পাঠাইনি। বাণী পৌঁছে দেয়াই তোমার দায়িত্ব। আর আমি যখন মানুষকে আমার রহমত আস্বাদন করাই তখন সে খুশি হয়। আর যখন তাদের কৃতকর্মের জন্য তাদের উপর কোন বিপদ আসে তখন মানুষ বড়ই অকৃতজ্ঞ হয়। — আল-বায়ান

এতদসত্ত্বেও তারা যদি মুখ ফিরিয়েই নেয় (তাহলে ফিরিয়ে নিক, কারণ) আমি তোমাকে তাদের হিফাযাতকারী বানিয়ে পাঠাইনি। কথা পৌঁছে দেয়াই তোমার দায়িত্ব। আমি যখন মানুষকে আমার রহমত আস্বাদন করাই, তখন সে উৎফুল্ল হয়। আর যখন তাদের কৃতকর্মের কারণে তাদের কোন অনিষ্ট হয়, তখন মানুষ অকৃতজ্ঞ হয়ে যায়। — তাইসিরুল

তারা যদি মুখ ফিরিয়ে নেয় তাহলে তোমাকেতো আমি তাদের রক্ষক করে পাঠাইনি। তোমার কাজতো শুধু প্রচার করে যাওয়া। আমি মানুষকে যখন অনুগ্রহ আস্বাদন করাই তখন সে উৎফুল্ল হয় এবং যখন তাদের কৃতকর্মের জন্য তাদের বিপদ আপদ ঘটে তখন মানুষ হয়ে যায় অকৃতজ্ঞ। — মুজিবুর রহমান

But if they turn away - then We have not sent you, [O Muhammad], over them as a guardian; upon you is only [the duty of] notification. And indeed, when We let man taste mercy from us, he rejoices in it; but if evil afflicts him for what his hands have put forth, then indeed, man is ungrateful. — Sahih International

৪৮. অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আপনাকে তো আমরা এদের রক্ষক করে পাঠাইনি। আপনার কাজ তো শুধু বাণী পৌছে দেয়া। আর আমরা যখন মানুষকে আমাদের পক্ষ থেকে কোন রহমত আস্বাদন করাই তখন সে এতে উৎফুল্ল হয় এবং যখন তাদের কৃতকর্মের জন্য তাদের বিপদ-আপদ ঘটে, তখন তো মানুষ হয়ে পড়ে খুবই অকৃতজ্ঞ।

তাফসীরে জাকারিয়া

- (৪৮) ওরা যদি মুখ ফিরিয়ে নেয়, (হে মুহাম্মাদ!) তাহলে তোমাকে তো আমি ওদের রক্ষক করে পাঠাইনি।[1] তোমার কাজ তো কেবল প্রচার করে যাওয়া। আর আমি মানুষকে যখন আমার তরফ থেকে অনুগ্রহ[2] আস্বাদন করাই, তখন সে এতে উৎফুল্ল হয়[3] এবং যখন ওদের কৃতকর্মের জন্য ওদের বিপদ-আপদ[4] ঘটে, তখন মানুষ হয়ে পড়ে অকৃতজ্ঞ। [5]
 - [1] यमन, जन्मज वर्लाष्ट्रन, ﴿الْبَقَرَةُ ﴿ وَلَكِنَّ اللهَ يَهْدِيْ مَنْ يَّشَاءُ ﴾ ﴿الْبَقَرة ﴿ २٩٤) िंन जाता वर्लन, وَلَكِنَّ اللهَ يَهْدِيْ مَنْ يَّشَاءُ ﴾ ﴿الْبَعَلَةُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿الرعد ﴾ ﴿ ٤٤ : فَذَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ، لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴾ ﴿الغاشية ﴾ ﴿ 80 : فَلَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ، لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴾ ﴿الغاشية ﴾ ﴿ ٤٥ : فَلَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ، لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴾ ﴿ (الغاشية ﴾ ﴿ ٤٥ : فَلَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ، لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴾ ﴿ (الغاشية ﴾ ﴿ ٤٥ : فَلَكِرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ، لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴾ ﴿ (الغاشية ﴾ ﴿ ٤٥ : فَلَيْكُ الْبَلاَغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ (العالمية ﴿ ٤٥) وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ (العالمية ﴿ ٤٥) وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ وَاللهُ عَلَيْكُ الْبَلاَغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ وَالعَلَيْ اللّهُ اللهُ عَلَيْكُ الْبَلاعُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ وَعَلَيْنَا الْحِسَابُ ﴾ ﴿ وَعَلَيْنَا الْمِسَابُ ﴾ وَعَلَيْ اللّهُ عَلَيْ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْتُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْهُ وَعَلَيْكُ اللّهُ عَلَيْكُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْهُ وَالْعَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُونُ وَاللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُولُ اللّهُ عَلَيْكُولُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُمُ اللّهُ عَلَيْكُولُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُولُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَيْكُ اللّهُ
 - [2] অর্থাৎ, রুয়ী লাভের উপায়-উপকরণের প্রাচুর্য, শারীরিক সুস্থতা ও রোগশূন্যতা, সন্তান-সন্ততির আধিক্য এবং মর্যাদা-সম্মান ইত্যাদি।
 - [3] অর্থাৎ, অহংকার ও গর্ব প্রদর্শন করে। নচেৎ আল্লাহর নিয়ামত ও অনুগ্রহ পেয়ে আনন্দিত হওয়া অথবা খুশী প্রকাশ করা অপছন্দনীয় ব্যাপার নয়। কিন্তু তা হতে হবে নিয়ামতের বর্ণনা এবং কৃতজ্ঞতা স্বরূপ; অহংকার, গর্ব এবং লোকপ্রদর্শনের জন্য যেন না হয়।
 - [4] অভাব-অন্টন, অসুস্থতা, সন্তানহীনতা ইত্যাদি।
 - [5] অর্থাৎ, সত্বর নিয়ামতসমূহ ভুলে যায় এবং নিয়ামত-দাতাকেও। এটা অধিকাংশ মানুষের অবস্থা অনুপাতে বলা হয়েছে, যাতে দুর্বল ঈমানের লোকেরাও শামিল। তবে আল্লাহর নেক বান্দা এবং পূর্ণ ঈমানের অধিকারী লোকদের অবস্থা এ রকম নয়। যেহেতু তারা কষ্টের সময় ধৈর্য ধরে এবং নিয়ামতসমূহের কৃতজ্ঞতা জ্ঞাপন করে। যেমন, রসূল (সাঃ) বলেছেন, "মুমিনের ব্যাপারটাই বিস্ময়কর! যদি তার কোন মঙ্গল আসে, তাহলে তাতে সে আল্লাহর কৃতজ্ঞতা করে। আর তা তার জন্য মঙ্গলময়। আবার যদি তার কোন অমঙ্গল আসে, তাহলে তাতে সে ধৈর্য ধরে। আর তাও তার জন্য মঙ্গলময়। এ মঙ্গল মু'মিন ছাড়া আর কারো জন্য নয়। (মুসলিম)

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4320

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন